

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, এপ্রিল ২১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
অধিশাখা-৬  
প্রজ্ঞাপন

তারিখ : ২২ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ/০৫ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৪০.০০.০০০০.০১৬.৩৪.০০৩.১১-২৪ —বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে Haripur Power Limited, Meghnaghat Power Limited and NEPC Consortium Power Limited-কে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৬ ও ১১৪ এর বিধানাবলীর প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে ২০ মার্চ ২০১৮ হইতে ১৯ সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য অব্যাহতি প্রদান করিল :

শর্তাবলী :

- (১) অতিরিক্ত সময় কাজের জন্য প্রচলিত বিধান মোতাবেক স্বাভাবিক মজুরীর দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে।
- (২) বিধি মোতাবেক সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে।
- (৩) কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে।
- (৪) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও শ্রম বিধিমালা-২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

২। ইহা ০৬ চৈত্র, ১৪২৪ বঙ্গাব্দ/২০ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ.টি.এম সাইফুল ইসলাম  
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৪৮৩৯)

মূল্য : টাকা ৪.০০